



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com

তারিখঃ ২৯/০৫/২০১৬ইং।

চুয়াডাঙ্গা পৌরসভার বাজেট ঘোষণা ও নগর সমন্বয় কমিটির বিশেষ সভায় পৌর মেয়র জিপু চৌধুরী

পৌরসভার সকল উন্নয়ন নাগরিকদের কর প্রদানের উপর অনেকাংশে নির্ভর করে

চুয়াডাঙ্গা পৌরসভার ২০১৬-১৭ অর্থ বছরের উন্নুক্ত বাজেট ঘোষণা ও নগর সমন্বয় কমিটির বিশেষ সভায় পৌর মেয়র জিপু চৌধুরী হয়েছে । ২৯/০৫/২০১৬ইং রোজ রোববার বেলা ১১টায় পৌরসভা মিলনায়তনে হিসাব রক্ষণ কর্মকর্তা আবু বক্র বিশ্বাস ৫৮কোটি ৭১ লাখ ৪৮ হাজার ৫৬ টাকার বাজেট ঘোষণা করেন। বাজেটে সরকারি অনুদান প্রাপ্তি ধরা হয়েছে ২ কোটি ৮৫ লাখ ও রাজস্ব খাত থেকে আয় ৯কোটি ৬২ লাখ ২৯ হাজার ২'শ ৪৫ টাকা। এছাড়া প্রকল্পবাবদ ৪৫ কোটি ৫০লাখ টাকা। অর্থ বছরে মোট ব্যয় ধরা হয়েছে । ৫৮কোটি ৭১লাখ ৪৮হাজার ৫'শ ৪৪ টাকা। ২০১৬-১৭ অর্থ বছরে সবচেয়ে বেশি ব্যয় ধরা হয়েছে পৌরসভার উন্নয়ন খাতে যা মোট বাজেটের ৮৩.৬১ শতাংশ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পৌর মেয়র ওবায়দুর রহমান চৌধুরী। উপস্থিতি ছিলেন প্রাক্তন অধ্যক্ষ সিদ্ধিকুর রহমান, এসএম ইস্রাফিল, ডা. আফসার উদ্দিন কলেজের অধ্যক্ষ মাহবুবুর রহমান সেলিম, চুয়াডাঙ্গা প্রেসক্লাব সভাপতি আজাদ মালিতা, পৌর সচিব কাজী শরিফুল ইসলামসহ অন্যান্য কাউন্সিলরবৃন্দ। অনুষ্ঠানে উপস্থিতি সকলে প্রস্তুতিত বাজেটের কিছুটা সংযোজন এবং পৌর এলাকার সৌন্দর্য বৃদ্ধি বিষয়ে আলোচনা করেন। উপস্থিতি সকলের প্রশ্নে সরল ব্যাখ্যা প্রদান করেন পৌর সচিব কাজী শরিফুল ইসলাম।

বক্তব্যে পৌর মেয়র ওবায়দুর রহমান চৌধুরী জিপু বলেন, আমি পৌর পিতা হিসেবে নয়, পৌর সেবক হিসেবে কাজ করতে চাই। তাই বাজেট সভার পূর্বে প্রতিটি ওয়ার্ডে গিয়ে আমি এবং কাউন্সিলরবৃন্দ ওয়ার্ডবাসীর সাথে আলোচনা করেছি। সেখানে ওয়ার্ডবাসীর সমস্যাগুলো লিপিবদ্ধ করে তারপর বাজেট প্রস্তুত করা হয়েছে। তবে পৌরসভার সকল উন্নয়ন পৌর নাগরিকদের কর প্রদানের উপর নির্ভর করে। তাই উপস্থিতি সকলকে কর প্রদানসহ অন্যদের কর প্রদানে উৎসাহিত করতে আহবান জানান তিনি।



টিএলসিসি'র বাজেট সভায় বক্তব্য রাখছেন সম্মানিত কাউন্সিলর সহ সদস্যবৃন্দ



মোঃ ইস্রাফিল হক, কম্পিউটার অপারেটেন, চুয়াডাঙ্গা পৌরসভা।

সময়মত পৌরকর পরিশাধ করুন। সময়মত পানির বিল পরিশাধ করুন। আপনার শিশুকে টিকাদিন।